**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন আগরতলা গভমেন্ট মেডিকেল কলেজ এখন গোটা দেশে একটি বিশেষ স্থান করে নিয়েছে।**

**(২) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, গ্রাহক পরিষেবা উন্নত করতে আগামী মাস থেকে বিদ্যুৎ নিগম একগুচ্ছ কর্মসূচি চালু করবে।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ২০৪৭ –এ বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে অনুঘটক হিসেবে কাজ করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন।**

**(৪) ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রিয়াজ হামিদুল্লাহ আজ তিনদিনের রাজ্য সফরে এসেছেন।**

**(৫) তিন মাসব্যাপী নিপুণ ফেস্ট শুরু হয়েছে।**

****************************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন আগরতলা গভমেন্ট মেডিকেল কলেজ এখন গোটা দেশে একটি বিশেষ স্থান করে নিয়েছে। আজ আগরতলা গভমেন্ট মেডিকেল কলেজ হাসপাতালের অডিটরিয়ামে কলেজের ২১তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, জিবি হাসপাতাল এখন মানুষের আস্থা ও ভরসার জায়গা। দূর-দূরান্ত থেকে আশা রোগীদের থাকার জন্য ভারত মাতা ক্যান্টিন ও নাইট শেল্টার করা হয়েছে। আগামী দিনে মা ও শিশুর জন্য জিবি হাসপাতালে ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল তৈরি হচ্ছে। এই হাসপাতালের অদূরেই গড়ে উঠছে চক্ষু হাসপাতাল।

********************************

**Ratan Lal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, গ্রাহক পরিষেবা উন্নত করতে আগামী মাস থেকে বিদ্যুৎ নিগম একগুচ্ছ কর্মসূচি চালু করবে। আজ আগরতলায় বিদ্যুৎ নিগমের কর্পোরেট অফিসে হেল্পার, লাইনম্যান থেকে শুরু করে সর্বস্তরের কর্মী এবং আধিকারিকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের বৈঠকে তিনি একথা জানান। বৈঠকে তিনি বলেন, হেল্পার, লাইনম্যান থেকে শুরু করে সমস্ত স্তরের কর্মীদেরকে নিরাপত্তা বিধি মেনে কাজ করতে হবে। দুর্ঘটনা এড়িয়ে একটি সুস্থ, দক্ষ নিগম গড়ে তুলতে হবে। বিদ্যুৎমন্ত্রী রাজ্যের প্রতিটি বিদ্যুৎ সাব ডিভিশনে দিনরাত ২৪ ঘন্টা হেল্পলাইন নম্বর চালু করার নির্দেশ দেন। প্রতিটি সাব ডিভিশনে একটি করে 'গ্রাহক সহায়তা ডেস্ক' খোলা হবে। যেখানে প্রশিক্ষিত কর্মীরা সরাসরি গ্রাহকদের সমস্যা শুনে দ্রুত সমাধানের ব্যবস্থা করবেন। পাশাপাশি 'বিদ্যুৎ বন্ধু' মোবাইল অ্যাপের ব্যাপক প্রচার চালানোর নির্দেশ দেন

*****************************

**Disaster Management :**

দুর্যোগ মোকাবিলা দপ্তর এবং পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের উদ্যোগে আজ আয়োজিত পশ্চিম জেলার অন্তর্গত সমস্ত ক্লাব সদস্যদের নিয়ে আগরতলার প্রজ্ঞা ভবনে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে এক সমন্বয় সভা ও কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালার মূল উদ্দেশ্য ছিল দুর্যোগের সময় ক্লাব সদস্যরা কীভাবে সাধারণ মানুষের পাশে দাঁড়াবে ও নিরাপত্তা নিশ্চিত করবে, সে বিষয়ে দিকনির্দেশনা দেওয়া। প্রাকৃতিক দুর্যোগের সময় ক্লাব সদস্যদের কি ভুমিকা নেওয়া উচিত এ বিষয়ে বিস্তারিত পরামর্শ দেন পশ্চিম জেলার জেলাশাসক ডা: বিশাল কুমার।

#######Byte-Dr Vishal Kumar######

*******************************

**CM Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ তাঁর সরকারি বাসভবনে বিজেপি দলের জনজাতি নেতৃত্বের সঙ্গে বৈঠকে মিলিত হন। বৈঠকে জনজাতিদের আর্থ-সামাজিক বিকাশ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, বিধায়ক রামপদ জমাতিয়া, বিজেপি দলের সাধারণ সম্পাদক বিপিন দেব্বর্মা।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ২০৪৭ -এ  বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে অনুঘটক হিসেবে কাজ করার জন্য আইআইটি-আইএসএম ধানবাদের স্নাতক শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। আজ ঝাড়খণ্ডে তার দু'দিনব্যাপী সফরের দ্বিতীয় দিনে ধানবাদের আইআইটি-আইএসএম এর ৪৫তম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এই আহবান জানান।

######Byte-President#######

রাষ্ট্রপতি কারিগরি প্রতিষ্ঠানটির গৌরবময় ১০০ বছর উপলক্ষে স্মারক ডাকটিকিটও প্রকাশ করেন। সমাবর্তন অনুষ্ঠানে, বিভিন্ন বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর মিলিয়ে মোট ১,৮৮০ জন শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, রাজ্যপাল সন্তোষ গাঙ্গোয়ার এবং ঝাড়খণ্ডের উচ্চশিক্ষামন্ত্রী সুদিব্য কুমার।

****************************

**Vice President-Election :**

ভারতের নির্বাচন কমিশন আজ ১৭তম উপরাষ্ট্রপতি নির্বাচনের দিনক্ষণ ঘোষণা করেছে। আগামী ৯ই সেপ্টেম্বর এই পদের জন্য ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি হবে ৭ই আগস্ট। মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ ২১শে আগস্ট।

*****************************

**Bangladesh high commission :**

ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রিয়াজ হামিদুল্লাহ আজ তিনদিনের রাজ্য সফরে এসেছেন। তিনি আজ আগরতলায় সমন্বিত চেক পোস্ট পরিদর্শন করেছেন। সেখানে ভারতের স্থলবন্দর কর্তৃপক্ষের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন। এক সাক্ষাৎকারে হামিদুল্লাহ বলেন, ত্রিপুরা এবং বাংলাদেশের মধ্যে সম্পর্ক খুবই স্বাভাবিক। তিন দিনের সফরে বাংলাদেশের হাইকমিশনার আগরতলা আখাউড়া রেল সংযোগ প্রকল্পের পর্যালোচনা করবেন এবং আগরতলার কাছে নিশ্চিন্তপুর রেলওয়ে স্টেশনও পরিদর্শন করবেন। তিনি তেসরা আগস্ট সাব্রুমে মৈত্রী সেতু পরিদর্শন করবেন। তিনি দুই দেশের মধ্যে সম্পর্ককে আরও নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

######Byte-Hamidullah#####

****************************

**Nipun Bharat-North :**

"নিপুণ ভারত" মিশনের চতুর্থ বর্ষ ও "নিপুণ ত্রিপুরা" উদ্যোগের তৃতীয় বর্ষ পূর্তি উপলক্ষে আজ থেকে রাজ্যে বুনিয়াদী শিক্ষা অধিকারের নিপুণ ত্রিপুরা সেল-এর উদ্যোগে তিন মাসব্যাপী নিপুণ ফেস্ট শুরু হয়েছে। এ উপলক্ষে আজ উত্তর ত্রিপুরা জেলার অন্তর্গত জম্পুই থেকে কদমতলা, পানিসাগর, ধর্মনগর সহ সমস্ত ব্লকের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়।

*****************************

**Voice Over-Nipun Tripura :**

নিপুন ত্রিপুরার তৃতীয় বর্ষপূর্তিতে আজ নিপুন ত্রিপুরা ফেস্টের সূচনা হলো। ছাত্রছাত্রীরা দেশের ভবিষ্যৎ, আর সেই ভবিষ্যৎ নির্মাণের প্রধান ক্ষেত্র বিদ্যালয়। বুনিয়াদ সুদৃঢ় না হলে যেমন কোনো নির্মাণ টিকে থাকে না, ঠিক তেমনি বিদ্যালয়ে শিক্ষার ভিত গড়ে তুলতে না পারলে ভবিষ্যৎ প্রজন্মও মজবুত হবেনা। সেই লক্ষ্যেই শুরু হয়েছিল NATIONAL INITIATIVE FOR PROFICIENCY IN READING WITH UNDERSTANDING বা নিপুন ত্রিপুরার অভিযাত্রা। শুনুন একটি প্রতিবেদন।

#######VC#######

***************************

**First Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ৩-১ গোলে জুয়েলস এসোসিয়েশনকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, দক্ষিণ গোমতী, খোয়াই ও সিপাহীজলা জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস।

***************************